

ময়মনসিংহ মেডিক্যাল কলেজ, লেডিস হোস্টেলের অবস্থা সম্পর্কে

ময়মনসিংহ মেডিক্যাল কলেজ লেডিস হোস্টেলের বর্তমান পরিস্থিতি অত্যন্ত উদ্বেগজনক। স্থানীয় কিছু অধিবাসী যাদের অধিকাংশই তরুণ এবং যুবক—তারা মেয়েদেরকে উত্যক্ত করে। এদের কিছু বলাও অত্যন্ত ঝুঁকিপূর্ণ। ইতিমধ্যে অনেকেই এদের কাছে অপমানিত এবং অপমানিত হয়েছে। এবং ইতিপূর্বে ছিনতাইয়ের ঘটনাও ঘটেছে। স্থানীয় লোকজন লেডিস হোস্টেলের এলাকার নগ্ন

দিয়ে চলাফেরা করে এমন হোস্টেলের বাউণ্ডারী ওয়ালের ওপর দিয়ে যাতায়াত করে। রাতে মেয়েরা ওয়ার্ড থেকে হোস্টেলে ফেরার সময় এদের সুখোমুখি হতে হয় এবং নানারকম কটাক্ষ ও অসহ্য একতরফী সম্মুখীন হতে হয়।

কর্তৃপক্ষের উদাসীনতার কারণে এদের স্পর্ধা দিন দিন বেড়েই চলেছে। যথাযথ ব্যবস্থা না নেয়া হলে এ হোস্টেলের দুর্ভাগ্যবশত মেয়ে চরম অব্যবস্থা এবং নিরাপত্তাহীনতার শিকার হবে।

এ ব্যাপারে আমরা কর্তৃপক্ষকে বারবার অবগত করার পরও প্রশাসন রহস্যজনকভাবে নীরব ভূমিকা পালন করে আসছে এবং অনেককে স্বীকৃত অপমানিত হতে হয়েছে। ছাত্রীদের উচ্চশিক্ষায় সুবরকম নিরাপত্তা বিধান করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের স্তুষ্টির জন্য আবেদন করছি।

উক্তভোগী একজন ছাত্রী ২য় বর্ষ এম.বি. বি.এস (নতুন), ময়মনসিংহ মেডিক্যাল কলেজ।

বাংলাদেশ কৃষি কলেজের সমস্যা

বাংলাদেশ কৃষি কলেজে স্বাধীনতার পর থেকেই কোন স্থায়ী অধ্যক্ষ না থাকায় প্রশাসনিক কাজে জটিলতা দেখা দিয়েছে। দ্বিতীয়তঃ কলেজ এলাকার চারপাশে কোন পাকা বাউণ্ডারী না থাকায় ছাত্র শিক্ষক কর্মচারীদের নিরাপত্তা বহিরাগতদের হুমকির সম্মুখীন। তৃতীয়তঃ ছাত্রছাত্রীদের তুলনায় লাইব্রেরীতে বইয়ের সংখ্যা খুবই অপ্রতুল। চতুর্থতঃ প্রতিষ্ঠাকাল হতে প্রত্যেক ছাত্রছাত্রীকে মাসিক ৭৫ টাকা হারে যে বৃত্তি দেয়া হত আজও তা বাড়ানো হয়নি। কালের আবর্তনে শিক্ষা উপকরণের দাম যে হারে বেড়েছে সে তুলনায় বৃত্তি কিঞ্চিৎ পরিমাণে বাড়ানো হয়নি, যদিও অধ্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানে বৃত্তির পরিমাণ বেড়েছে। পঞ্চমতঃ শহরের বিভিন্ন এলাকা হতে উল্লেখযোগ্যসংখ্যক ছাত্র শিক্ষক কর্মচারীর যাতায়াতের জন্য যে তিনটি বাস টাউন মাতিসে চান ছিল অজ্ঞাত কারণে তা বন্ধ করে দেয়ায় যাতায়াতে দুর্ভোগ পোহাতে হচ্ছে।

তাই, কৃষি প্রধান বাংলাদেশে স্নাতক কৃষিবিদ গড়ার স্বার্থে ওপরে উল্লিখিত সমস্যাবলী সমাধান করার জন্য কৃষি মন্ত্রণালয়ের আশু হস্তক্ষেপ কামনা করছি।

মো: খোরশেদ আলম খোকন
বি.এস.সি, এমি (পূর্বান)
১ন বর্ষ, রোল-৩
বাংলাদেশ কৃষি কলেজ
ঢাকা।